আজকের কাগজ

3

তারিখ 22 JUL 1996
পৃষ্ঠা ৫ কলাম ১

সহজে ইংরেজি শেখার পদ্ধতি

ইংরেজি ভাষা আন্তর্জাতিক ভাষা হওয়ায় এর প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মানুষ আজকাল ঘরে বসে থাকতে চাচ্ছে না। যোগাযোগ ব্যবস্থা অতি উন্নত হওয়ায় মানুষ অতি স্বল্প সময়ের মধ্যে পৃথিবীর বিভিন্ন দেশে সফর করতে পারছে। কেউ ব্যবসা-বাণিজ্যের প্রয়োজনে, কেউ বা ভ্রমণ আবার কেউ লেখাপড়া শেখার কাজে বিদেশে যাচ্ছে। অনেকে আবার চাকরির কাজেও বিদেশে যাচ্ছে। আজকাল এর সংখ্যাই অনেক বেশি। বিদেশে চাকরি করা হোক, আর লেখাপড়া করার প্রয়োজন হোক, ইংরেজি ভাষা না জানা থাকলে তো নানাদিক থেকে অসুবিধা সৃষ্টি হয়ে থাকে। এমনকি বাংলাদেশেও অনেক পরীক্ষার সময় প্রার্থীর ইংরেজি ভাষায় দক্ষতা আছে কিনা তা যাচাই করে দেখেন। ইংরেজি জানা প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করে থাকেন। ইংরেজি না জানার কারণে ভালো ছাত্রও আশানুরূপ রেজাল্ট করতে পারছে না। এ ছাড়া বাংলাদেশের বিভিন্ন এনজিও সংস্থাগুলোতে চাকরি পাওয়ার জন্যে ইংরেজি ভাষা একান্তই প্রয়োজন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় ছাত্ররা এ ভাষাকে কঠিন মনে করে এ থেকেই ক্রমেই বিচ্যুত হয়ে যাচ্ছেন। ইংরেজি না জানলে ক্রমে ক্রমে জাতি যে পিছিয়ে পড়বে সবদিক থেকে এটা অনেকেই উপলব্ধি করতে পারছেন না। তা ছাড়া বিদেশে কোনো আত্মীয় স্বজনের কাছে চিঠি লিখতে হলে অন্যের কাছে ধর্না দিতে হয়। আবার যাদের আত্মীয়-স্বজন বিদেশে থাকেন তারাও ইংরেজিতে চিঠি লিখলে তা পড়ে উপলব্ধি করা কঠিন হয়ে পড়ে।

সেজন্যে বাংলাদেশের শিক্ষার বিভিন্ন পর্যায়ে ইংরেজি ভাষা ব্যাপকভাবে চালু করার প্রয়োজন। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে মোটামুটি শিক্ষিত লোকদের মধ্যে ইংরেজি ভাষাচর্চার একটা প্রয়াস লক্ষ্য করা যাচ্ছে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ইংরেজি ভাষায় দক্ষতা সৃষ্টির জন্যে সেলফ প্রোগ্রাম চালু করেছে। এ প্রোগ্রামের মাধ্যমে ঘরে বসে যে কোনো লোক যদি সে অন্তত এসএসসি পাস করে

থাকেন তা হলে এতে ভর্তি হতে পারবেন। ভর্তির পর ৬টা বই ৫টা ক্যাসেট দেয়া হয়। ৬ মাস পর লিখিত ও মৌখিক পরীক্ষা হয়। সকল পরীক্ষায় পাসের পর সার্টিফিকেট দেয়া হয়। ছাত্র যে কলেজে ভর্তি হবে সেই কলেজে ক্লাস হয়। মাসের ১ম ও ৩য় শুক্রবার ক্লাস চলবে। খুলনা বিভাগের বাগেরহাট পিসি কলেজ, খুলনা সরকারী মহিলা কলেজ, সুন্দরবন সরকারী কলেজ, পাইওনিয়ার সরকারি মহিলা কলেজ, সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ, যশোর এম এম কলেজ, কুষ্টিয়া সরকারি কলেজ, চুয়াডাঙ্গা সরকারি কলেজ ও মাগুরা সরকারি কলেজ সেলফ প্রোগ্রামের ভর্তি কেন্দ্র। কলেজে সেলফ প্রোগ্রামের ভর্তি কেন্দ্র। এখানে ভর্তির পর বিনা মূল্যে বই ও ক্যাসেট দেয়া হয় যাতে করে অবসর সময়ে শিক্ষার্থিরা বাড়িতে বসে কাজের ফাঁকে ফাঁকে বিশেষ করে শিক্ষিতা মেয়েদের মধ্যে ইংরেজি চর্চা বৃদ্ধি পাচ্ছে।

ইংরেজি ভাষায় অভিজ্ঞ শিক্ষকগণ ক্লাস পরিচালনা করেন। ইংরেজি ভাষার বিভিন্ন বিষয়ে মোট ৬টি বই এমনভাবে লেখা হয়েছে যাতে অনায়াসে যে কেউ এটা পড়ে বুঝতে পারবেন। কিভাবে পরস্পরের মধ্যে ইংরেজিতে কথা বলা যায়, কিভাবে চিঠি লেখা যায় ইত্যাদি বিষয়ে শিক্ষা দেয়া হয়। ইংরেজি ভাষার ওপর মোট ৬টি বই ও ৫টি ক্যাসেট ও শুক্রবারের ক্লাস ঠিকমতো করতে পারলে একজন শিক্ষার্থী ৬ মাসের মধ্যে ইংরেজিতে লেখা, বলা, শোনা ইত্যাদি বিষয়ে দক্ষতা অর্জন করতে পারবেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সেলফ প্রোগ্রাম আশা করে যে, বাংলাদেশে মোটামুটি শিক্ষিত শ্রেণী যারা বিভিন্ন পেশায় নিয়োজিত আছেন তারা এই প্রোগ্রাম শেষ করলে অল্প সময়ে সহজভাবে ইংরেজিতে কথা বলতে পারবেন, ইংরেজি ভাষায় চিঠি লিখতে পারবেন বা ইংরেজির উপর বিভিন্ন বিষয় বুঝতে সক্ষম হবেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইংরেজি শেখার উপর রেডিও ও টিভিতে যে ক্লাসগুলো চলে তাও যদি একজন শিক্ষার্থী মনোযোগ সহকারে দেখে বা শোনে তাও তার অনেক উপকারে আসে।

□ আবু তোহা